

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১৫, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
মূল্য সংযোজন কর
বিশেষ আদেশ

তারিখ : ২২ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ/০৬ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: মেট্রোরেল সেবার উপর মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

নং ১/মূসক/২০২৫—যেহেতু, মেট্রোরেল বাংলাদেশের সর্বাধুনিক ও জনপ্রিয় গণপরিবহন; মেট্রোরেল যানজট নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখিবার পাশাপাশি কর্মঘণ্টা সাশ্রয়ে অগ্রণী ভূমিকা পালন করিতেছে; মেট্রোরেলকে অধিক জনপ্রিয় করিবার লক্ষ্যে ইহার যাতায়াত ব্যয় সাশ্রয়ী করা প্রয়োজন;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, দ্রুতগামী, নিরাপদ, সময় সাশ্রয়ী, পরিবেশবান্ধব ও দূরনিয়ন্ত্রিত অত্যাধুনিক প্রযুক্তিনির্ভর পরিবহণ ব্যবস্থা মেট্রোরেল সেবার উপর আরোপণীয় মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করিল।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে এবং ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ পর্যন্ত বলবৎ থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুন্সী
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৩৩)

মূল্য : টাকা ৪.০০